ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩০৯
খোয়াই, ১২ আগস্ট, ২০২৫

**খোয়াই জিলা পরিষদের সাধারণ সভা অনুষ্ঠিত**

আজ খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে জিলা পরিষদের সাধারণ সভা অনুষ্ঠিত হয়। জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত)-র সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি রাজীব রুদ্র পাল, শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি রঞ্জিত কুমার সরকার, শিল্প বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি হরিশঙ্কর পাল প্রমুখ। বৈঠকে বক্তব্য রাখতে গিয়ে জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত) বলেন, খোয়াই জেলার অন্তর্গত বিভিন্ন ব্লক এলাকার পরিকাঠামো উন্নয়নে জিলা পরিষদ সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে কাজ করছে। এই কাজে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্য তিনি সবার প্রতি আহ্বান জানান।

বৈঠকে সিদ্ধান্ত হয়েছে তেলিয়ামুড়া ব্লকের ৬টি পঞ্চায়েত এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজে ৯ লক্ষ ৩২ হাজার ৩০৩ টাকা ব্যয় করা হবে। কল্যাণপুর ব্লকের বিভিন্ন পঞ্চায়েতে ১৭টি প্রাক প্রাথমিক শিক্ষা কেন্দ্রে পরিশ্রুত পানীয়জলের ব্যবস্থা করা হবে এবং একটি ৫ কেভিএ সোলার রুফ টপ প্যানেল তৈরি করা হবে। এগুলি বাস্তবায়ণে ৮ লক্ষ টাকা ব্যয় হবে। খোয়াই ব্লকের গৌরনগর পঞ্চায়েতে নতুন ইটসলিং রাস্তা তৈরি, পশ্চিম সোনাতলায় পাকা ড্রেন নির্মাণ, খোয়াই ব্লকে দুটি শৌচালয় নির্মাণ, পূর্ব রামচন্দ্রঘাট পঞ্চায়েতে পাইপলাইন সম্প্রসারণ করা হবে। এ কাজগুলি বাস্তবায়ণে ১১ লক্ষ ৯৩ হাজার টাকা ব্যয় হবে।

******